

সংখ্যা ০৯, তারিখ : ১২ মে, ২০২১, বুধবার
বাংলাদেশে কোভিশিল্ড টিকা গ্রহণ পরবর্তী অ্যান্টিবডি

উপস্থিতি সংক্রান্ত তথ্য

বাংলাদেশে বিগত ০৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ তারিখ থেকে অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকা (কোভিশিল্ড) দেওয়া শুরু হওয়ার পর থেকে আইইডিসিআর ও আইসিডিডিআরবি যৌথভাবে টিকা গ্রহণকারীদের রক্তে কোভিড-১৯ অ্যান্টিবডির উপস্থিতি সংক্রান্ত গবেষণা পরিচালনা করছে। এই গবেষণায় দেশের বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রে ৬,৩০০ টিকা গ্রহণকারীদের মধ্যে টিকা গ্রহণ পরবর্তী দুই বছর পর্যন্ত বিভিন্ন সময়ে রক্তে অ্যান্টিবডির উপস্থিতি পর্যালোচনা করা হবে।

উক্ত গবেষণার প্রাথমিক ফলাফল পর্যালোচনায় দেখা যায়, ১২০ জন প্রথম ডোজ কোভিশিল্ড টিকা গ্রহণকারীর টিকা গ্রহণের এক মাস পর ৯২% ও দুই মাস পর ৯৭%-এর শরীরে অ্যান্টিবডি তৈরি হয়েছে। সকল বয়সের টিকা গ্রহীতার শরীরে অ্যান্টিবডির উপস্থিতি পাওয়া গেছে। অন্যান্য অসুস্থতা (কো-মরবিডিটি) থাকার বা না থাকার সাথে অ্যান্টিবডি-র উপস্থিতির তেমন কোন পার্থক্য পরিলক্ষিত হয়নি। টিকা গ্রহীতাদের মধ্যে যাদের কোভিড-১৯-এ আক্রান্ত হওয়ার ইতিহাস রয়েছে তাদের শরীরে চার (৪) গুণ বেশি অ্যান্টিবডি তৈরি হয়েছে।

এতে প্রতীয়মান হয় যে, বাংলাদেশী নাগরিকদের মধ্যে কোভিশিল্ড টিকা গ্রহণের পর শরীরে কোভিড-১৯ অ্যান্টিবডি তৈরি হচ্ছে। চলমান গবেষণার মাধ্যমে ভবিষ্যতে এই টিকা গ্রহণকারীদের শরীরে অ্যান্টিবডির উপস্থিতি সংক্রান্ত হালনাগাদ তথ্য পাওয়া যাবে।

কোভিড-১৯ থেকে সুরক্ষিত থাকতে টিকা গ্রহণ করুন ও স্বাস্থ্যবিধি মেনে চলুন।